গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhet.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০৩.২৬. ১১৯৮

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

## পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কোম্পানীগঞ্জ, সিলেট কর্তৃক গত ০১-০৪-২০২৬ তারিখ কোম্পানীগঞ্জ উপজেলার ২ নং ইসলামপুর পূর্ব ইউনিয়নের আওতাধীন ধলাই ব্রিজের পূর্ব পাড়ের বিভিন্ন স্থানে টাস্কফোর্স অভিযান পরিচালনা করেন। অভিযান পরিচালনাকালে কোম্পানীগঞ্জ উপজেলার ধলাই ব্রিজের পূর্ব পাড়ের বিভিন্ন স্থানে আনুমানিক ৩,৫০,০০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) ঘনফুট বালু জব্দ করেন। জব্দকৃত বালু লট আকারে বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলগালাযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

২। (ক) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে প্রতি দরপত্রের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করে আবেদন ফরম ক্রয় করা যাবে।

(খ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেটে আবেদন ফরম ক্রয় ও দাখিল করা যাবে।

(গ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ উন্মুক্ত করা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(ঘ) দরপত্র দাখিলের সময় ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি, ট্রেড লাইসেন্সের (যদি থাকে) ছায়ালিপি ও প্রদত্ত দরের ২০% জামানত বাবদ "জেলা প্রশাসক, সিলেট" এর অনুকূলে যে-কোনো তফশিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অবশ্যই দাখিল করতে হবে।

(ঙ) জব্দকৃত বালু যেখানে যে অবস্থায় আছে তা সরেজমিনে দেখে দরপত্র দাখিল করতে হবে।

(চ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়া দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(ছ) বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েসাইটে (www.sylhet.gov.bd) পাওয়া যাবে।

আবেদন ফরম ক্রয়, দাখিল ও দরপত্র বক্স খোলার সময়সূচি:

| পর্যায় | আবেদন ফরম ক্রয়ের তারিখ | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | আবেদন ফরম খোলার স্থান, তারিখ ও সময় | আবেদন ফরম প্রাপ্তি/দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ১৭-০৫-২০২৬ থেকে ১৮-০৫-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ১৮-০৫-২০২৬ তারিখ সোমবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত | ১৮-০৫-২০২৬ তারিখ সোমবার বিকাল ৩:০০ ঘটিকা জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা,সিলেট | ১। জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট | |
| ৭ম | ২১-০৫-২০২৬ থেকে ২৩-০৫-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ২৩-০৫-২০২৬ তারিখ শনিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত | ২৩-০৫-২০২৬ তারিখ শনিবার বিকাল ৩:০০ ঘটিকা জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা,সিলেট | ১। জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট | ৬ষ্ঠ পর্যায়ে অবিক্রিত লটসমূহের জন্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ম | ০১-০৬-২০২৬ থেকে ০২-০৬-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ০২-০৬-২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত | ০২-০৬-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকা জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা,সিলেট | ১। জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট | ৬ষ্ঠ ও ৭ম পর্যায়ে অবিক্রিত লটসমূহের জন্য |

<u>বালুর স্টকের নাম, লট নম্বর ও সম্ভাব্য সরকারি মূল্য</u>

| ক্রমিক | স্টকের নাম | লট নম্বর | বালুর সম্ভাব্য পরিমাণ (ঘনফুট) | সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ১ | বালুচর স্কুলের সামনে ২টি স্টক | ১ | ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) ঘনফুট | ৪৫,০০,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ) টাকা |
| ২ | কালিবাড়ি কেজি স্কুলের সামনে ১টি স্টক | ২ | ৫০,০০০ (পঞ্চাশ হাজার) ঘনফুট | ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা |
| ৩ | কালিবাড়ি ফারুকের বাড়ির সামনে ১টি স্টক | ৩ | ৩০,০০০ (ত্রিশ হাজার) ঘনফুট | ৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা |
| ৪ | মচ্ছন হাজীর বাড়ীর সামনে কবরস্থানের পাশে ১টি স্টক | ৪ | ৯০,০০০ (নব্বই হাজার) ঘনফুট | ২৭,০০,০০০/- (সাতাশ লক্ষ) টাকা |
| ৫ | কালিবাড়ি মসজিদের পিছনে ১টি স্টক | ৫ | ৫,০০০ (পাঁচ হাজার)) ঘনফুট | ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| ৬ | কালিবাড়ি কাজীর বাড়ির দক্ষিণ পার্শ্বে ১টি স্টক | ৬ | ২৫,০০০ (পঁচিশ হাজার) ঘনফুট | ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |

<u>অন্যান্য শর্তাবলি</u>

১। সিলগালাযুক্ত খামের উপরে লট নম্বর লিখে দরপত্র দাখিল করতে হবে।

২। সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ প্রাপ্তির পর অবশ্যই দরপত্রে প্রস্তাবিত বালুর মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়কর ও অন্যান্য করাদি (যদি থাকে) যথাযথ কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৩। কোনো কারণে সর্বোচ্চ দরদাতা কার্যাদেশে উল্লিখিত সমুদয় মূল্য যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে তার কার্যাদেশ বাতিল করে দরপত্রের সাথে জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৪। সর্বোচ্চ দরদাতা যথাসময়ে কার্যাদেশে উল্লিখিত মূল্য পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ পুনরায় দরপত্র আহ্বান বা যে-কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন।

৫। দরপত্রে অকৃতকার্য দরদাতার জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যথাসময়ে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। দরপত্রে কাঙ্ক্ষিত সম্ভাব্য সরকারি মূল্য পাওয়া না গেলে বিশেষজ্ঞের মতামতের ভিত্তিতে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। প্রয়োজনে পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৭। জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্দিষ্ট তারিখের মধ্যে বালু অপসারণের পর সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট এর প্রতিবেদন সাপেক্ষে অবমুক্তক্রমে ফেরত প্রদান করা হবে। অন্যথায় জামানতের টাকা রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৮। জব্দকৃত বালুর কার্যাদেশ প্রদানের পর থেকে অপসারণের পূর্ব পর্যন্ত দরপত্র গ্রহীতা কর্তৃক স্টকে নতুন বালু জমা করলে তার বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি অনুযায়ী যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। সর্বোচ্চ মূল্যদাতা একাধিক হলে লটারির মাধ্যমে সর্বোচ্চ মূল্যদাতা নির্ধারণ করা হবে।

১৪.৫.২৬

মোঃ সারওয়ার আলম
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ০২৯৯৬৬৮৭১১৭
ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৬.৯১০০.০০৮.৫২.০০৩.২৬. ১১৭৮

তারিখ : ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। পুলিশ সুপার, সিলেট
৪। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সড়ক ও জনপথ/গণপূর্ত অধিদপ্তর, সিলেট (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। উপজেলা নির্বাহী অফিসার ..................(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েবসাইট ও ফেসবুক পাতায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। সহকারী কমিশনার (ভূমি)................(সকল), সিলেট
৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইট ও ফেসবুক পাতায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৯। অফিস কপি।

১৪.৫.২৬

জেলা প্রশাসক
সিলেট